

বিশেষ অনুমতি
ফরম পূরণের সুযোগ পেলো গৌরনদীরা
৬৩ জন এইচএসসি পরীক্ষার্থী

■ গৌরনদী (বরিশাল) সংবাদদাতা

অবশেষে বরিশালের গৌরনদী বাসিন্দা মাধ্যমিক ক্রম এড কলেজের এইচএসসি পরীক্ষার্থী ৬৩ জন স্থায়ী এইচএসসি পরীক্ষার ফরম পূরণের সুযোগ পেয়েছে। গত মঙ্গলবার বেুর্ড চেয়ারম্যানের বিশেষ অনুমতিক্রমে ওই ছাত্রীদের ফরম পূরণ করা হয়।

কলেজের টেই পরীক্ষার অকৃতকার্য ৮৪ জন ছাত্রী তাদের ফরমপূরণের মাঝিতে দীর্ঘদিন থেকে কলেজ অধ্যক্ষের কাছে ধরনা দিয়ে বার্থ হন। অবশেষে ওইসব শিক্ষার্থী কোন উপায়ান্তর না পেয়ে বরিশাল-ঢাকা মহাসড়ক অবরোধ করে বিকোভ করেন। একাধিকবার কলেজের শিক্ষকদের অবরুদ্ধ করে বিয়ের বোতল নিয়ে আত্মহত্যার হুমকি দেয়। এরপর ২১ জন ছাত্রীর ফরমপূরণ করা হলেও বাকি ৬৩ জন ছাত্রীর ফরমপূরণ করা হয়নি। ৩০ ডিসেম্বর ফরমপূরণের সর্বশেষ তারিখ ছিল।

কলেজ অধ্যক্ষ শীল আব্দুল আহমদ আশ্রাদ জানান, এ নিয়ে গত কয়েক দিন যাবত দৈনিক ইত্তেফাকসহ বিভিন্ন পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়।

জাতীয় সংসদের সাবেক ডিউ মুইশ ও বরিশাল জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব আব্দুল হামিদাত আব্দুল্লাহ সন্ত্রান্তি বরিশাল শিক্ষা বোর্ডে চেয়ারম্যান ড. বিমল কৃষ্ণ মজুমদারকে ফরমপূরণ করার জন্য অনুরোধ করেন। এখ্যাপারে চেয়ারম্যান ড. বিমল কৃষ্ণ মজুমদার সত্যতা বীকার করে বলেন, কলেজ কর্তৃপক্ষ দিকান্ত অনুমতি বিশেষ অনুমতিক্রমে তাদের ফরমপূরণের ব্যবস্থা করা হয়েছে।